

নং- সিএজি/হিসাব-১/জিপিএফ, ঋণ ও অগ্রিম/৪৯৯/৫৭

তারিখঃ ২৬/১২/২০১৮ খ্রিঃ

হিসাব মহা নিয়ন্ত্রক  
হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়  
হিসাব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

**বিষয়ঃ হিসাব ব্যবস্থাপনাকে জনসেবা প্রদানে অধিকতর কার্যকরী করার লক্ষ্যে অনুসরণীয় কার্যক্রম সম্পর্কে নির্দেশনা।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

হিসাব ব্যবস্থাপনাকে কার্যকরী করার মাধ্যমে জনসেবা প্রদানে উৎকর্ষ বৃদ্ধি ও গতিশীলতা আনয়নের লক্ষ্যে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর নিম্নবর্ণিত নির্দেশনা সমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলোঃ

**(১) পেনশন ব্যবস্থাপনাঃ**

(ক) নতুন পেনশনের ক্ষেত্রে ব্যাংক থেকে পেনশন উত্তোলনের বিষয়টি নিরুৎসাহিত করতে হবে এবং ইএফটি কার্যক্রমকে অগ্রাধিকার দিতে হবে। এ বিষয়ে আগামী ০৭/০১/২০১৯ খ্রিঃ এর মধ্যে একটি নির্দেশনা সিজিএ কার্যালয় কর্তৃক জারী করতে হবে।

(খ) সিএও/ পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট এর ওয়েবসাইট ৩১/০৩/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে চালু করতে হবে।

(গ) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (সিএও)র কার্যালয় থেকে গৃহীত চলমান পেনশনসমূহের ক্ষেত্রে স্ব স্ব সিএও কর্তৃক ইএফটি কার্যক্রম সম্পন্ন করে পেনশন সংক্রান্ত রেকর্ডপত্র ৩১/০১/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে সিএও/ পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট এর নিকট স্থানান্তর নিশ্চিত করতে হবে।

(ঘ) ঢাকাস্থ ব্যাংক থেকে উত্তোলিত পেনশন সমূহের ক্ষেত্রে ডি-হাফ ফেরত নিতে হবে এবং ইএফটি'র আওতায় আনতে হবে। একইভাবে এতদসংক্রান্ত রেকর্ড ও সকল তথ্যাদি সিএও/ পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট এর নিকট ৩১/০৩/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে স্থানান্তর নিশ্চিত করতে হবে।

(ঙ) পর্যায়ক্রমে ঢাকার বাইরের পেনশনারদের ( ব্যাংকের মাধ্যমে প্রদানকৃত পেনশনসহ) ৩০/০৬/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে ইএফটি এর আওতায় আনতে হবে এবং পেনশন রেকর্ড ও অন্যান্য তথ্যাদি সিএও/ পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট এর নিকট ৩০/০৬/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে স্থানান্তর নিশ্চিত করতে হবে।

(চ) নতুন পেনশন পরিশোধের ক্ষেত্রে (যে সমস্ত হিসাবরক্ষণ কার্যালয়ে ইএফটি চালু আছে) বাধ্যতামূলকভাবে ইএফটি সম্পন্ন করতে হবে এবং অবিলম্বে পেনশন সংক্রান্ত সকল রেকর্ড সিএও/ পেনশন ও ফান্ড এর নিকট স্থানান্তর নিশ্চিত করতে হবে। অর্থ বিভাগের স্মারক নং-০৭ .০০ .০০০০ .১০৩. ১৮.০০২.১৫-৩৭১ তারিখ ১৮/০৯/২০১৮খ্রিঃ এর ব্যত্যয় ঘটিয়ে বেগন পেনশনের চূড়ান্ত পরিশোধ ইএফটি ব্যতীত সম্পন্ন হয়ে থাকলে তা অবিলম্বে ইএফটি কার্যক্রমের আওতায় আনতে হবে।

(ছ) পোস্ট অফিস থেকে পরিশোধিত পেনশন ব্যবস্থাপনা কার্যক্রম আধুনিকীকরণের বিষয়ে সিএও/ঢাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং সিএও/ তার ও দূরালাপনি কর্তৃক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। কার্যক্রম ও সময় নির্দেশ করে এ বিষয়ে একটি কর্মপরিকল্পনা আগামী ১৫/০১/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে প্রণয়ন করতে হবে।

(জ) পেনশনার ডাটাবেজকে আরও তথ্যবহুল করার লক্ষ্যে পেনশনারের অবসর গ্রহণের তারিখ, পদবী, সর্বশেষ কার্যালয় ইত্যাদি তথ্য সিএও/ পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট এর তত্ত্বাবধানে অবিলম্বে ডাটাবেজে সন্নিবেশ করতে হবে।

(ঝ) পেনশনারের ডাটাবেজের তথ্যের অসঙ্গতি সংশোধনের জন্য সংশ্লিষ্ট পেনশনারের তথ্যের যে কোন ধরনের অসঙ্গতি (যেমনঃ পদবী না থাকা, সর্বশেষ কর্মরত কার্যালয়ের নাম না থাকা, ভুল NID, পেনশনারের শ্রেণীগত ভুল ইত্যাদি) সিজিএ এবং সিএও/ পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কর্তৃক চিহ্নিত করে তা সংশোধনের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং তদারকি করতে হবে।

**(২) ট্রেজারী চালানের ভুল সংশোধন এবং ই-চালান পোর্টাল চালুকরণঃ**

(ক) চালান জমাদানের ক্ষেত্রে কোড বা নামে ভুল হলে তা সংশোধনের লক্ষ্যে কি প্রক্রিয়া অনুসরণ করা হবে তা নির্ধারণপূর্বক একটি নির্দেশনা সিজিএ কার্যালয় কর্তৃক ১৫/০১/২০১৯খ্রিঃ তারিখের মধ্যে জারি করতে হবে।

(খ) ই-চালান পোর্টাল চালু করতে হবে। সরকারের সকল আদায় যাতে এই পোর্টাল এর মাধ্যমে জমা হয় সে উদ্যোগ ৩০/০৬/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে বাস্তবায়ন করতে হবে।

